

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعَرَاء |

আয়াতঃ ২৬:১০

আরবি মূল আয়াত:

وَ إِذْ نَادٰى رَبُّكَ مُوسِى أَنِ ائتِ القَومَ الظُّلِمِينَ ﴿١٠﴾

🗚 আনুবাদসমূহ:

আর স্মরণ কর, যখন তোমার রব মূসাকে ডেকে বললেন, 'তুমি যালিম সম্প্রদায়ের কাছে যাও'। — আল-বায়ান স্মরণ কর, যখন তোমার প্রতিপালক মূসাকে ডাক দিয়ে বললেন, 'তুমি যালিম সম্প্রদায়ের কাছে যাও, — তাইসিরুল স্মরণ কর, যখন তোমার রাব্ব মূসাকে ডেকে বললেনঃ তুমি যালিম সম্প্রদায়ের নিকট চলে যাও — মুজিবুর রহমান And [mention] when your Lord called Moses, [saying], "Go to the wrongdoing people - — Sahih International

১০. আর স্মরণ করুন, যখন আপনার রব মূসাকে ডেকে বললেন, আপনি যালিম সম্প্রদায়ের কাছে যান,

তাফসীরে জাকারিয়া

- (১০) স্মরণ কর, যখন তোমার প্রতিপালক মূসাকে ডেকে বললেন, 'তুমি সীমালংঘনকারী সম্প্রদায়ের নিকট যাও; [1]
 - [1] এটা প্রভুর ঐ সময়কার আহবান যখন মূসা (আঃ) মাদয়্যান হতে নিজ পরিবারসহ ফিরছিলেন। রাস্তায় তাপ গ্রহণের জন্য আগুনের প্রয়োজন বোধ হলে আগুনের খোঁজে তূর পাহাড়ে গিয়ে পৌঁছান। সেখানে এক অদৃশ্য আহবান তাঁকে অভ্যর্থনা জানায় এবং নবুঅত দানে ধন্য করা হয়। আর অত্যাচারীদের প্রতি আল্লাহর বাণী পৌঁছে দেওয়ার দায়িত্ব অর্পণ করা হয়।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2942

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন